**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**
**সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬**
www.dpe.gov.bd

বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার বিষয়ক "সোসাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন" কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : তাপস কুমার অধিকারী, উপপরিচালক (বই বিতরণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।

তারিখ ও সময় : তারিখ: ২২ মে ২০২৫, বিকাল: ০৩.০০ ঘটিকা।

স্থান : পরিচালক, প্রশাসন মহোদয়ের সভাকক্ষ। উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

**(ক) আলোচ্য বিষয়সমূহ:**

১. ১ম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনা;
২. সংগৃহীত তথ্য উপস্থাপন;
৩. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকদের সচেতনতা বৃদ্ধি;
৪. বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের মনিটরিং টিমের কার্যক্রম;
৫. সভার সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
৬. বিবিধ।

**(খ) আলোচ্য বিষয়সমূহের উপর আলোচনার সার-সংক্ষেপ:**

সভায় উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কাযবিবরণীর উপর আলোকপাত করে সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। কর্মকর্তা, কর্মজচারী ও শিক্ষকদের "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)", নির্দেশিকার আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আদেশ প্রতিপালন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিভাগ, জেলা ও উপজেলা/থানা পর্যায়ে মনিটরিং টীমের সার্বিক কার্যক্রম বিষয়ক সংগৃহীত তথ্যসমূহ বিশ্লেষণ করা হয়। মাঠ পর্যায়ের মনিটরিং টিমকে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। উপস্থিত সদস্যগণ বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ বর্তমানে সামাজিক যোগাযোগ মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত নির্দেশিকা ২০১৯ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র পরিপন্থি লাইভ, পোস্ট, ভিডিও, অডিও, তথ্য ইত্যাদি আপলোড ও শেয়ার করছেন যা রাষ্ট্র/সরকার এবং প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। এসব কর্মকান্ড সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা অনুসারে পরিহারযোগ্য এবং সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী। প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে আমরা রাষ্ট্র/সরকারের কাছে সব সময় দায়বদ্ধ। সুতরাং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে আমাদের আরও সচেতন হবে। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে নির্দেশিকা ২০১৯ এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করতে হবে। এক্ষেত্রে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের বিদ্যমান মনিটরিং টিমকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। কয়েকজন শিক্ষকের সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্দেশিকা ২০১৯ বহির্ভূত কর্মকান্ডের সংগৃহীত তথ্যাদি সভায় উপস্থাপন ও পর্যালোচনা করা হয়। আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**(গ) বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

১. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)" এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৭ মে ২০২০ তারিখের পরিপত্র যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশিকা ও নির্দেশনাসমূহ পুনরায় মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। সে আলোকে বিভাগ, জেলা ও উপজেলা/থানা কমিটি সক্রিয়ভাবে দায়িত্ব পালন করবে।
২. বিভাগ, জেলা ও উপজেলা/থানা পর্যায়ে মনিটরিং টিমের সদস্যদের নিয়ে হোয়াটসঅ্যাপ গ্রুপ খুলতে হবে। বিভাগীয় হোয়াটসঅ্যাপ গ্রুপে অধিদপ্তরের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সংযুক্ত করতে হবে।
৩. অধিদপ্তরের মূল কমিটির সম্মানিত সদস্যদের অধিদপ্তরের "সোসাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন" বিষয়ক হোয়াটসঅ্যাপ গ্রুপে সংযুক্ত করতে হবে।
৪. সকল বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার বিষয়ক ফোকাল পারসনদের (ইমেইল ও হোয়াটসঅ্যাপ নাম্বারসহ) নামের তালিকা আগামী ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে ক্রমিক ১২ এ উল্লিখিত ই-মেইলে প্রেরণ করার অনুরোধ জানানো হয়।
৫. বিভাগভিত্তিক সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন: বিভিন্ন ফেসবুক আইডি, গ্রুপ, পেজ, হোয়াটসঅ্যাপ, ম্যাসেঞ্জার, টেলিগ্রাম, ভাইবার, ইমো গ্রুপ, ইউটিউব ইত্যাদি থেকে তথ্য সংগ্রহ করে সভায় উপস্থাপন করে অধিদপ্তরের মূল কমিটির নিকট উপস্থাপন করতে হবে।
৬. প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৬ ফ্রেব্রুয়ারি তারিখের ৪৪১ স্মারকের আলোকে জেলা, উপজেলা/থানা ও বিভাগ পর্যায়ে কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষকগণের কার্যক্রমসমূহ মনিটরিং করে প্রতিমাসে আোবশ্যিকভাবে একটি সভা আয়োজন, উল্লেখযোগ্য বিষয়সমূহ চিহ্নিত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ছক মেতাবেক তথ্য প্রদান করবেন।

৭. সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত কোনো কিছু "স্যোসাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন" কমিটির নজরে আসলে সভায় উপস্থাপন করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে।

৮. গত সভা সিদ্ধান্ত অনুযায়ী একজন সহকারী ইন্সট্রাক্টর, ইউআরসি সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে ট্যাগ করে ফেসবুকে পোস্ট দেয়ায় পরিচালক, প্রশাসন মহোদয়কে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য ইউও নোট প্রদান করতে হবে।

৯. বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের 'মনিটরিং টিম' প্রতি ০২ মাস পর পর সভা আয়োজন করবে এবং অধিদপ্তরকে অবহিত করবে।

১০. বিভাগওয়ারী কতজন শিক্ষক, কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে সে সম্পর্কিত তথ্যাদি আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

১১. কয়েকজন শিক্ষকের সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্দেশিকা ২০১৯ পরিপন্থী কর্মকান্ডের তথ্যাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউও নোটের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মূল কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১২. সামাজিক যোগাযোগ মাধ্যম বিষয়ক তথ্য সংগ্রহের জন্য ইমেইল ঠিকানায় (socialmedia.dpe22@gmail.com) যোগাযোগ করতে হবে।

২। উল্লিখিত ক্রমিক: ০১-১১ এর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করবে অধিদপ্তর/সংশ্লিষ্ট বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের মনিটরিং টিম।

অন্য কোনো আলোচনা না থাকায় সদস্যদের সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৩/০৬/২৫

তাপস কুমার অধিকারী
উপপরিচালক (বই বিতরণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১১০.০৯.০০২.২০২৫- ১২৬৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি:

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা............বিভাগ (সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা............. (সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), পিটিআই........................।
৫. জনাব.......................................পদবী......................বিভাগ/শাখা/সেল...............প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৬. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা/থানা...................জেলা......................।
৭. ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)........................উপজেলা ............................জেলা।
৮. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।